গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১১.০০৭.২৪-২৬৯

তারিখ : ২৫ বৈশাখ ১৪৩২ / ৮ মে ২০২৫

**প্রজ্ঞাপন**

সরকার The International Crimes (Tribunals) Act, 1973 (Act No.XIX of 1973)-এর Section 6-এ প্রদত্ত ক্ষমতাবলে চেয়ারম্যান পদে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক বিচারপতি মোঃ গোলাম মর্তূজা মজুমদার এবং সদস্য পদে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক বিচারপতি মোঃ শফিউল আলম মাহমুদ এবং অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ জনাব মোঃ মোহিতুল হক এনাম চৌধুরী-এর সমন্বয়ে একীভূতক্রমে পুনর্গঠিত ও বিদ্যমান আন্তজার্তিক অপরাধ ট্রাইব্যুনাল-কে আন্তজার্তিক অপরাধ ট্রাইব্যুনাল-১ গণ্য করিল এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে চেয়ারম্যান পদে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সাবেক বিচারক বিচারপতি জনাব নজরুল ইসলাম চৌধুরী এবং সদস্য পদে অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ জনাব মোঃ মঞ্জুরুল বাছিদ ও মাদারীপুরের জেলা ও দায়রা জজ জনাব নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর-কে নিয়োগক্রমে তাঁহাদের সমন্বয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ স্থাপন করিলো।

২। উক্তরূপে স্থাপিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২-এর চেয়ারম্যান ও সদস্যগণ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারকের প্রাপ্য বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি পাইবেন।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

08/05/2025
(শেখ আবু তাহের)
সচিব

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১১.০০৭.২৪-২৬৯(১-২২)

তারিখ : ২৫ বৈশাখ ১৪৩২ / ৮ মে ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১. বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী, চেয়ারম্যান, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২, ঢাকা।
২. জনাব মোঃ মঞ্জুরুল বাছিদ, সদস্য, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২, ঢাকা।
৩. জনাব নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর, সদস্য, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২, ঢাকা।
৪. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৬. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৮. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
১১. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩. উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৪. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিয়া ৫০ (পঞ্চাশ) কপি জরুরিভিত্তিতে এই বিভাগে সরবরাহের নিমিত্ত অনুরোধ করা হইলো)
১৬. জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৯, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (এই বিভাগের ওয়েবসাইটে প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধ করা হইলো)।
২০. চীফ প্রসিকিউটর-এর একান্ত সচিব, চীফ প্রসিকিউটর-এর কার্যালয়, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
২১. অ্যাটর্নি-জেনারেল-এর একান্ত সচিব, অ্যাটর্নি-জেনারেল-এর কার্যালয়, ঢাকা।
২২. অফিস কপি।

০৮-০৫-২০২৫

(মোঃ মাসুদ-উর-রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৭৪১৬
Email: section4@lawjusticediv.gov.bd